

ও

রিটার্নিং অফিসারের কার্যালয়

৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪

স্মারক- ০৫.২০.১৯০০.০১৫.১৮.০০৮.২৩- ৫৬৬

তারিখ ১১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
২৪ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

গণ-বিজ্ঞপ্তি


যেহেতু নির্বাচন কমিশন এতদ্বারা উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ অনুযায়ী এবং নির্বাচন কমিশন সচিবালয় এর ২৪ এপ্রিল ২০২৪/ ১১ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৭.২৪-২১৫ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে কুমিল্লা জেলার চান্দিনা উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নবর্ণিত সময়সূচি ধার্য করে প্রজ্ঞাপন জারি করেছে:-

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	০৯ মে ২০২৪ ২৬ বৈশাখ ১৪৩১	বৃহস্পতিবার
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	১২ মে ২০২৪ ২৯ বৈশাখ ১৪৩১	রবিবার
(গ)	মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের	১৩-১৫ মে ২০২৪ ৩০ বৈশাখ-০১ জ্যৈষ্ঠ ১৪৩১	সোমবার- বুধবার
(ঘ)	আপিল নিষ্পত্তি	১৬-১৮ মে ২০২৪ ০২-০৪ জ্যৈষ্ঠ ১৪৩১	বৃহস্পতিবার- শনিবার
(ঙ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	১৯ মে ২০২৪ ০৫ জ্যৈষ্ঠ ১৪৩১	রবিবার
(চ)	প্রতীক বরাদ্দ	২০ মে ২০২৪ ০৬ জ্যৈষ্ঠ ১৪৩১	সোমবার
(ছ)	ভোটগ্রহণের তারিখ	০৫ জুন ২০২৪ ২২ জ্যৈষ্ঠ ১৪৩১	বুধবার

ভোটগ্রহণের সময়সীমাঃ সকাল ০৮.০০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

২। এক্ষণে, সেহেতু, আমি সৈয়দ শামসুল তাবরীজ, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা ও রিটার্নিং অফিসার, কুমিল্লা চান্দিনা উপজেলা পরিষদ নির্বাচন ২০২৪, উক্ত বিধিমালার বিধি ১৪ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করছি যে, কুমিল্লা জেলার চান্দিনা উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদের নির্বাচনের জন্য মনোনয়নপত্র আগামী ০৯ মে ২০২৪/২৬ বৈশাখ ১৪৩১ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন সময় অনলাইনে দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, অনলাইনে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নির্বাচন কমিশনের ওয়েব সাইটে ([www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)) প্রবেশ করে বাম পাশে ম্যানুবারে 'অনলাইনে মনোনয়নপত্র দাখিল' লিংকে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল করতে হবে।

 28.08.2024

সৈয়দ শামসুল তাবরীজ

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪

তারিখ: ২ ৪ দিন ০ ৪ মাস ২ ০ ২ ৪ বৎসর

**অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৪। মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
- ০৫। জেলা প্রশাসক, কুমিল্লা ও আপিল কর্তৃপক্ষ
- ০৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
- ০৭। পুলিশ সুপার, কুমিল্লা
- ০৮। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুমিল্লা
- ০৯। কোম্পানী কমান্ডার, র‍্যাব-১১, সিপিসি-২, শাকতলা, কুমিল্লা
- ১০। অধিনায়ক, ১০ বিজিবি, কোটবাড়ী, কুমিল্লা
- ১১ উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা চান্দিনা, কুমিল্লা ও সহকারী রিটার্নিং অফিসার (গণবিজ্ঞপ্তি সংশ্লিষ্ট উপজেলার গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে টাঙ্গানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)
- ১২। সিনিয়র তথ্য অফিসার, কুমিল্লা (নির্বাচনি এলাকায় জন সাধারণের মাঝে বহুল প্রচারের অনুরোধসহ)
- ১৩। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রামমালা, কুমিল্লা
- ১৪। উপজেলা নির্বাচন অফিসার, চান্দিনা, কুমিল্লা
- ১৫। অফিসার-ইন-চার্জ, চান্দিনা থানা, কুমিল্লা
- ১৬। সচিব,..... ইউনিয়ন, কুমিল্লা চান্দিনা, কুমিল্লা (গণবিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টাঙ্গানোর অনুরোধসহ)
- ১৭। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, কুমিল্লা

*F. I. Only*  
28.08.2024.

সৈয়দ শামসুল তাবরীজ

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুমিল্লা

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪